

আনন্দবাজার পত্রিকা

১৪ আষাঢ় ১৪২৮ মঙ্গলবার ২৯ জুন ২০২১

কলেজে কোর্স ফি কমল

নিজস্ব সংবাদদাতা

গড়বেতা: করোনা পরিস্থিতিতে অভিভাবকদের আর্থিক সমস্যার কথা বিবেচনা করে ছাত্রছাত্রীদের কোর্স ফি কিছুটা মকুব করল গড়বেতা কলেজ কর্তৃপক্ষ। সোমবারই কলেজে এই সংক্রান্ত নোটিস খুলিয়ে দেওয়া হয়েছে। কলেজ সূত্রে জানা গিয়েছে, বিপিএড, বিসিএ-সহ সকল পোস্ট গ্র্যাজুয়েট কোর্সের ছাত্রছাত্রীদের সেমেস্টার পিছু মোট ফি ৩০ শতাংশ কমানো হয়েছে।

এ ছাড়া অনার্স ও সাধারণ বিভাগে বিএ, বিএসসি, বিকম'এর ছাত্রছাত্রীদের সেমেস্টারের জন্য ধার্য ল্যাবরেটরি ফি সম্পূর্ণ মকুব করা হয়েছে। একই সঙ্গে কলেজের উন্নয়ন এবং বিদ্যুৎ খরচের জন্য ধার্য ফি'এর ৩০ শতাংশ ছাড় দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার বলেন, “করোনা পরিস্থিতিতে অভিভাবকদের আর্থিক সমস্যার কথা বিবেচনা করে পরিচালন কমিটির সভায় কোর্স ফি কিছুটা হ্রাস করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।” তিনি জানান, কলেজে অনলাইন পদ্ধতিতে পঠন-পাঠন চলায় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের পাঠানো পরামর্শ মেনে কলেজ পরিচালন কমিটির সভায় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলেজের কোর্স ফি কিছুটা কমায় স্বস্তিতে ছাত্রছাত্রী ও তাঁদের অভিভাবকেরাও। বিপিএডের ছাত্রী মামণি মুর্মু, স্নাতক স্তরের বিমান কর্মকার, সঞ্চিতা দে, রু হাঁসদা-সহ ছাত্রছাত্রীরা কলেজের কোর্স ফি কমানোর সিদ্ধান্তে খুশি। তাঁদের কথায়, “বর্তমান করোনা পরিস্থিতিতে আর্থিক অসুবিধায় পড়ছেন অনেক পরিবারই। অথচ পড়াশোনাও করতে হবে। কলেজ ফি কমানোয় সুবিধা হবে আমাদের মতো সাধারণ পরিবারের ছাত্রছাত্রীদের।”